

বাংলাদেশ টেলিভিশনের কর্মপরিকল্পনা (২০২০-২০২৩)

ক) **ভৌত অবকাঠামো উন্নয়ন**

স্বল্প মেয়াদী (জুন ২০২০ পর্যন্ত)	মধ্য মেয়াদী (ডিসেম্বর ২০২১ পর্যন্ত)	দীর্ঘ মেয়াদী (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)
-	<p><u>বিটিভির কেন্দ্র/উপকেন্দ্রের অবকাঠামো উন্নয়ন ও সংস্কার:</u></p> <ul style="list-style-type: none"> ➤ বিটিভির সকল কেন্দ্র/উপকেন্দ্রে ২০-৩০ বছর পূর্বের বিদ্যমান ভবন, পুলিশ ব্যারাক, সড়ক, সীমানা প্রাচীর, ওয়াক-ওয়ে মেরামত করা হবে। তাছাড়া, ঢাকা কেন্দ্রে নতুন বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপন, পানির পাম্প স্থাপন এবং পুরাতন ভবন সংস্কার করা হবে। ➤ বিটিভি কমপ্লেক্সে অবস্থিত জরাজীর্ণ পুকুরকে সংস্কার করে নান্দনিক সুটিং স্পট নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা হবে। 	<p><u>১. বিটিভি ওয়ার্ল্ডকে স্বতন্ত্র স্যাটেলাইট চ্যানেল হিসেবে প্রতিষ্ঠা:</u></p> <p>বর্তমানে বিটিভির সহায়তা নিয়ে বিটিভি ওয়ার্ল্ড পরিচালিত হচ্ছে। জাতীয় পর্যায়ে থেকে শুরু করে তৃণমূল পর্যায়ে আকর্ষণীয় ও গ্রহণযোগ্য অনুষ্ঠান/সংবাদ দেশ বিদেশে মানুষের মাঝে পৌঁছে দেয়ার লক্ষ্যে বিটিভি ওয়ার্ল্ডকে স্বতন্ত্র স্যাটেলাইট চ্যানেল হিসেবে প্রতিষ্ঠা করা হবে। এ জন্য জনবল, যন্ত্রপাতি, অবকাঠামো ইত্যাদিসহ যাবতীয় ভৌত ও কারিগরি ব্যবস্থাপনা গড়ে তোলা হবে।</p> <p><u>২. বিটিভি চট্টগ্রাম কেন্দ্র থেকে ২৪ ঘন্টা অনুষ্ঠান সম্প্রচার:</u></p> <p>চট্টগ্রাম কেন্দ্রে ডিজিটাল পদ্ধতিতে অনুষ্ঠান নির্মাণের জন্য বিদ্যমান স্টুডিও যন্ত্রপাতি প্রতিস্থাপন, নতুন ভবন, স্টুডিও নির্মাণ, কর্মকর্তা/কর্মচারীদের জন্য ডরমেটরি, পুলিশ ব্যারাক, সীমানা প্রাচীর, ওয়াক-ওয়ে ইত্যাদি অবকাঠামো নির্মাণ করা হবে।</p> <p><u>৩. ৬টি বিভাগীয় সদরে বিটিভির ৬টি স্বয়ংসম্পূর্ণ চ্যানেল প্রতিষ্ঠা:</u></p> <p>ঢাকা ও চট্টগ্রাম ছাড়া বাকি ৬টি বিভাগীয় সদরে বিটিভির ৬টি স্বয়ংসম্পূর্ণ চ্যানেল প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনের ৬টি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পে সরকারের অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম চলমান রয়েছে। এটি বাস্তবায়নের মাধ্যমে ২০২৩ সালের মধ্যে সকল বিভাগীয় সদর থেকে নিয়মিত অনুষ্ঠান সম্প্রচারের লক্ষ্যে যাবতীয় অবকাঠামো গড়ে তোলা হবে।</p>

চলমান পাতা-০২

খ) অনুষ্ঠান ধারণ ও সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন এবং উন্নয়ন

স্বল্প মেয়াদী (জুন ২০২০ পর্যন্ত)	মধ্য মেয়াদী (ডিসেম্বর ২০২১ পর্যন্ত)	দীর্ঘ মেয়াদী (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)
<p>বঙ্গবন্ধু স্যাটেলাইটে ২৪ ঘন্টা অনুষ্ঠান সম্প্রচার:</p> <p>বর্তমানে বাংলাদেশে টিভি চ্যানেল সম্প্রচারের জন্য বিদেশি স্যাটেলাইটের উপর নির্ভরশীল। বঙ্গবন্ধু স্যাটেলাইট এই বিদেশ নির্ভরতা কমাতে এবং মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে সহায়তা করবে। এ স্যাটেলাইটের মাধ্যমে ২৪ ঘন্টা সম্প্রচার কার্যক্রম চলমান।</p>	<p>১. <u>বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার অটোমেশন: ১ম পর্যায়</u></p> <p>বিটিভির কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার জন্য ব্যবহৃত যন্ত্রপাতিগুলি ১৯৯৮ সালে স্থাপন করা হয়। যন্ত্রপাতিসমূহ দীর্ঘদিন ব্যবহারের ফলে কার্যক্ষমতা হ্রাস পাওয়ায় পুরাতন প্রযুক্তির যন্ত্রপাতির স্থলে আধুনিক, ডিজিটাল ও অটোমেটেড পদ্ধতির যন্ত্রপাতি প্রতিস্থাপন করা অপরিহার্য।</p> <p>বর্তমানে বাংলাদেশ টেলিভিশন আংশিক ডিজিটাল যন্ত্রপাতি ও কারিগরি ব্যবস্থায় পরিচালিত হচ্ছে। বিটিভিকে আধুনিক প্রযুক্তি নির্ভর ও ডিজিটাল করার লক্ষ্যে ডিসেম্বর ২০২১ মেয়াদের মধ্যে অটোমেশন নিশ্চিতের নিমিত্ত বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন শীর্ষক প্রকল্পের কাজ চলছে। অচিরেই বিটিভির রেকর্ডিং, স্টুডিও চিত্রায়ন, সম্পাদনা ও অন্যান্য কারিগরি কার্যাদিসহ অনুষ্ঠান নির্মাণ ডিজিটাল করা হবে।</p> <p>২. <u>বিদ্যমান টেরিস্ট্রিয়াল সম্প্রচার ডিজিটালাইজেশন: ১ম পর্যায়</u></p> <p>বাংলাদেশ টেলিভিশন দেশের একমাত্র রাষ্ট্রীয় টেরিস্ট্রিয়াল সম্প্রচার মাধ্যম। প্রচলিত এনালগ পদ্ধতিতে বিদ্যমান টেরিস্ট্রিয়াল সম্প্রচার কার্যক্রম পরিচালিত হচ্ছে। এটিকে আরো আধুনিক, যুগোপযোগী ও ডিজিটাল করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের কাজ চলছে। অচিরেই সম্প্রচার ব্যবস্থার ডিজিটালাইজেশন সম্পন্ন করা সম্ভব হবে।</p>	<p>১. <u>বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার অটোমেশন: ২য় পর্যায়:</u></p> <p>বিশ্বের বিভিন্ন দেশ এবং আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয় সাধন করে ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ) এর গাইড লাইনে বিটিভি ডিজিটাল ব্রডকাস্টিং প্রতিষ্ঠানে রূপান্তরিত করা হবে।</p> <p>অটোমেশন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন শীর্ষক প্রকল্পের কাজ পুরোপুরি বাস্তবায়িত হলে বিটিভির রেকর্ডিং, স্টুডিও চিত্রায়ন, সম্পাদনা ও অন্যান্য কারিগরি কার্যাদিসহ অনুষ্ঠান নির্মাণ শতভাগ ডিজিটাল হবে।</p> <p>২. <u>বিদ্যমান টেরিস্ট্রিয়াল সম্প্রচার ডিজিটালাইজেশন: ২য় পর্যায়</u></p> <p>বাংলাদেশ টেলিভিশনকে আধুনিক, যুগোপযোগী ও ডিজিটাল করার লক্ষ্যে দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন শীর্ষক প্রকল্পের ২য় পর্যায়ের কাজ শেষ হলে সম্প্রচার ব্যবস্থার শতভাগ ডিজিটালাইজেশন সম্পন্ন করা সম্ভব হবে।</p>

চলমান পাতা-০৩

